গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম শাখা
www.mole.gov.bd

নম্বরঃ ৪০.০০.০০০০.০৪২.৪৭.০০২.২৪-৪৩৯

তারিখ: ২২ পৌষ ১৪৩১ / ০৬ জানুয়ারি ২০২৫

**প্রজ্ঞাপন**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আরএমজি-টিসিসি) গঠন সংক্রান্ত ৩১/০৫/২০২১ তারিখের প্রজ্ঞাপন নং- ৪০.০০.০০০০.০১৫.০৫.০১.১৭-৬১ রহিত করে শ্রম পরিস্থিতি পর্যালোচনা ও উন্নয়নের লক্ষ্যে দেশের গার্মেন্টস শিল্প সেক্টরের জন্য সরকার, মালিক ও শ্রমিক প্রতিনিধি'র সমন্বয়ে নিম্নরূপে আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আরএমজি-টিসিসি) পুনর্গঠন করা হলো:

সভাপতি :
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা

সদস্য-সচিব:
অতিরিক্ত সচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।

**সরকারপক্ষ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. অতিরিক্ত সচিব (শ্রম)/ যুগ্মসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
৩. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা
৪. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা
৫. অতিরিক্ত আইজিপি, বাংলাদেশ শিল্পাঞ্চল পুলিশ;
৬. জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি;
৭. বাণিজ্য মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি;
৮. বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের ন্যূনতম যুগ্মসচিব পর্যায়ের একজন প্রতিনিধি;
৯. পররাষ্ট্র মন্ত্রণালয়ের ন্যূনতম মহাপরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি।

**মালিকপক্ষ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সভাপতি/ প্রশাসক, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ);
২. সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ);
৩. জনাব মাহমুদ হাসান খান বাবু, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ);
৪. জনাব ফজলে শামীম এহসান, নির্বাহী সভাপতি, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ);
৫. জনাব বেলায়েত হোসেন রিপন, বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ);
৬. জনাব আ ন ম সাইফুদ্দিন, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ);
৭. মহাসচিব ও সিইও, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ);
৮. জনাব মুহাম্মাদ হাবিবুর রহমান, সহকারী মহাসচিব (আইন), বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন (বিইএফ)।

Scanned with CamScanner

**শ্রমিকপক্ষ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জনাব লুৎফুনাহার লতা, সাধারণ সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী গার্মেন্টস শ্রমিক দল, ২৮/১, নয়া পল্টন (৫ম তলা), ঢাকা;

২. জনাব মো: রাশেদুল আলম রাজু, সাধারণ সম্পাদক, বাংলাদেশ মুক্ত গার্মেন্টস শ্রমিক ইউনিয়ন ফেডারেশন, ক-২৭/২-সি, রসুলবাদ, মহাখালী, ঢাকা-১২১২;

৩. জনাব মীর আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক, স্বাধীন বাংলা গার্মেন্টস শ্রমিক কর্মচারী ফেডারেশন, রোড নং-৩১, বাড়ী নং-৫৪, ব্লক-ডি, সেকশন-১২, মিরপুর, ঢাকা-১২১৬;

৪. জনাব মো: শহীদুল্লাহ বাদল, সাধারণ সম্পাদক, বাংলাদেশ গার্মেন্টস দর্জি শ্রমিক ফেডারেশন, ১৯৫/এইচ, শান্তিবাগ, ঢাকা-১২১৭;

৫. এড. মাহবুবুর রহমান ইসমাইল, সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল গার্মেন্টস ওয়ার্কার্স ফেডারেশন, ২ নং রেল গেইট, নারায়ণগঞ্জ;

৬. জনাব কাজী মোঃ রুহুল আমিন, সাধারণ সম্পাদক, বাংলাদেশ গার্মেন্ট সোয়েটার্স শ্রমিক ট্রেড ইউনিয়ন কেন্দ্র, ২৩/২, তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০;

৭. জনাব মোঃ সোহেল রানা, যুগ্ম সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রগতিশীল গার্মেন্টস শ্রমিক ফেডারেশন, ৯/এইচ, মতিঝিল বা/এ, ইসমাইল ম্যানশন (৩য় তলা), রুম নং-২১১, ঢাকা-১০০০;

৮. জনাব সালাউদ্দিন স্বপন, সভাপতি, বাংলাদেশ বিপ্লবী গার্মেন্টস শ্রমিক ওয়ার্কার্স ফেডারেশন, ৫৫ রুহানী সুপার মার্কেট, মিরপুর-২, ঢাকা-১২১৬।

০২। আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আরএমজি-টিসিসি) নিম্নলিখিত কার্য সম্পাদন করবে:

(ক) দেশের বিদ্যমান সম্পদ এবং সার্বিক আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনা করে গার্মেন্টস শিল্প সেক্টরের মালিক ও শ্রমিকদের মধ্যে সুসম্পর্ক স্থাপন ও সম্পর্ক উন্নয়ন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ করতে সরকারকে পরামর্শ প্রদান;

(খ) গার্মেন্টস শিল্প সেক্টরের সার্বিক শ্রম পরিস্থিতি পর্যালোচনাপূর্বক সরকারকে অবহিত করা;

(গ) গার্মেন্টস শিল্প সেক্টরের শ্রম সংশ্লিষ্ট আইন, বিধি, নীতি ও পরিকল্পনা বিষয়ে সরকারকে সহায়তা প্রদান;

(ঘ) পরিষদের নিকট পরামর্শের জন্য উপস্থাপিত যে কোন বিষয়ে গার্মেন্টস শিল্প সেক্টরের মালিক ও শ্রমিক সংগঠনগুলির সঙ্গে পরামর্শক্রমে সরকারকে পরামর্শ ও সহায়তা প্রদান করবে; এবং

(ঙ) বিদ্যমান সম্পদের সম্ভাব্য সর্বোচ্চ ব্যবহার দ্বারা কিভাবে গার্মেন্টস শিল্প সেক্টরে উৎপাদন বৃদ্ধি করা যায় সে সম্বন্ধে সরকারকে পরামর্শ প্রদান।

০৩। আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আরএমজি-টিসিসি) সাধারণত বৎসরে ন্যূনতম তিনবার সভায় মিলিত হবে। তবে, সভাপতি প্রয়োজন বোধ করলে যে কোন সময় সভা আহ্বান করতে পারবেন।

০৪। সভাপতির অনুমোদনক্রমে সদস্য-সচিব সভার নোটিশ জারি করবেন।

০৫। গার্মেন্টস শিল্প সেক্টর বিষয়ে অভিজ্ঞ ও ওয়াকিবহাল এমন যে কোন জাতীয় অথবা আন্তর্জাতিক পর্যায়ের ব্যক্তিকে পর্যবেক্ষক হিসেবে সভায় উপস্থিত হওয়া এবং আলোচনায় অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানাতে পারবে;

০৬। কমিটি প্রয়োজনে যে কোন সময় ত্রিপক্ষীয়তার ভিত্তিতে কাউন্সিলে নতুন সদস্য অন্তর্ভুক্ত করতে পারবে।

০৭। সরকার কর্তৃক পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ (আরএমজি-টিসিসি) বহাল থাকবে।

Scanned with CamScanner CamScanner

০৮। ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের কার্যক্রম পরিচালনার জন্য এই মন্ত্রণালয়ের শ্রম শাখা সাচিবিক সহায়তা প্রদান করবে;

০৯। এই প্রজ্ঞাপন জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৬/০১/২০২৫

(এস.এইচ.এম. মাগ্‌ফুরুল হাসান আব্বাসী)
সিনিয়র সহকারী সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ফোন: ০২-৪৭১১১৭৫৪৪
ইমেইল: section5mole@gmail.com

স্মারক নম্বরঃ ৪০.০০.০০০০.০৪২.৪৭.০০১.২৪-৪৩৯

তারিখ: ২২ পৌষ ১৪৩১ / ০৬ জানুয়ারি ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. ----------------------------------------------------------------------------------------------------;
৩. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (এই প্রজ্ঞাপনটি সরকারি গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ এবং ১০০ (একশত) কপি এ মন্ত্রণালয়ে সরবরাহের জন্য অনুরোধ করা হলো);
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. জনসংযোগ কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (এই প্রজ্ঞাপনটি গণমাধ্যমে প্রকাশের অনুরোধসহ);
৮. রেজিস্ট্রার, শ্রম আপীল ট্রাইব্যুনাল, পুরানা পল্টন, ঢাকা;
৯. সচিব, নিম্নতম মজুরি বোর্ড, তোপখানা রোড, ঢাকা;
১০. অতিরিক্ত সচিব (শ্রম)-এর ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।

০৬/০১/২০২৫

(এস.এইচ.এম. মাগ্‌ফুরুল হাসান আব্বাসী)
সিনিয়র সহকারী সচিব

Scanned with CamScanner